মুজিবনগরে উপজেলা ভিত্তিক গণিতে উস্তাদ প্রতিযোগিতা অনুষ্ঠিত

মুজিবনগর এ গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে, উপজেলা ভিত্তিক ছাত্র-ছাত্রীদের মাঝে গণিতে ওস্তাদ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার দুপুরে গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস প্রাঙ্গনে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

প্রতিযোগিতার প্রথম ধাপে স্কুল পর্যায়ে ২৭৭ জন প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেণীর শিক্ষার্থী অংশগ্রহণ করে। তাদের মধ্যে বিজয়ী ৩০ জনকে পুরস্কৃত করা হয়।

প্রতিযোগিতার দ্বিতীয় ধাপে উপজেলা পর্যায়ে প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেণীর ৫০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। গণিতে ওস্তাদ প্রতিযোগিতায় বাগোয়ান সরকারী প্রাথমিক বিদ্যালয়, ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, আনন্দবাস সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং মুজিবনগর সরকারি মডেল প্রাথমিক বিদ্যালয় থেকে পাঁচজন শিক্ষার্থী তাসমিয়া খাতুন, আফরিন খাতুন, সহিক হোসেন, লতিফা খাতুন, আলী আল আবদুল্লাহ বিজয়ী হওয়ার গৌরব অর্জন করে।

গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর ম্যানেজার সুব্রত টুডু প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ী শিক্ষার্থীদের হাতে পুরস্কার তুলে দেন।

এ সময় উপস্থিত ছিলেন সিডিপি এর সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদ সহ অংশগ্রহণ কৃত স্কুলের শিক্ষক শিক্ষিকা বৃন্দ।

লেবাননে ইসরায়েলের বিমান হামলা, নিহত ১০০

লেবাননের বড় মাত্রায় বিমান হামলা চালিয়েছে ইসরায়েল। শত শত লক্ষ্যবস্তুতে চালানো এই হামলায় সবশেষ মৃতের সংখ্যা ১০০ জনে দাঁড়িয়েছে। এছাড়া আহত হয়েছেন তিন শতাধিক মানুষ।

লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, সোমবার (২৩ সেপ্টেম্বর) দক্ষিণ লেবানন লক্ষ্য করে হামলা চালায় ইসরায়েলি বাহিনী। এতে শিশু, নারী ও চিকিৎসাকর্মীসহ অন্তত ১০০ জন নিহত ও ৩০০ জনেরও বেশি আহত হয়েছে।

ইসরায়েলি সামরিক বাহিনী দাবি করেছে, তারা লেবাননের অভ্যন্তরে হিজবুল্লাহর অন্তত ৩০০ ঘাঁটি লক্ষ্য করে হামলা চালিয়েছে।

দেশটির প্রতিরক্ষামন্ত্রী ইয়োয়াভ গ্যালান্ট সোমবার এক ভিডিওতে বলেন, আমরা লেবাননে হামলা জোরদার করছি, উত্তরাঞ্চলের বাসিন্দাদের নিরাপদে তাদের বাড়িঘরে ফিরিয়ে দেওয়ার লক্ষ্য অর্জন না হওয়া পর্যন্ত অভিযান অব্যাহত থাকবে। এই দিনগুলিতে ইস্রায়েলি জনগণকে সংযম দেখাতে হবে।

অপরদিকে হিজবুল্লাহ দাবি করেছে, তারা ইসরায়েলের দক্ষিণাঞ্চল ও বেকা এলাকা লক্ষ্য করে ইসরায়েলি হামলার জবাবে উত্তর ইসরায়েলি সামরিক ঘাঁটিতে রকেট হামলা চালিয়েছে।

তথ্যসূত্র: আলজাজিরা

মেহেরপুরে শারদীয় দুর্গাপূজা উপলক্ষে আইন শৃঙ্খলা সভা

অনুষ্ঠিত

মেহেরপুরে শারদীয় দুর্গাপূজা-২০২৪ উপলক্ষে আইনশৃঙ্খলা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার(২৩ সেপ্টেম্বর) বিকেলে সার্কিট হাউস সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক সিফাত মেহনাজের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার কামরুল আহসান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মু. তানভির আহমেদ রুমান, অতিরিক্ত জেলা প্রশাসক রনি আলম নুর, মেজর মোঃ তৌফিকুল আলম, মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার আকাশ কুমার কুন্ডু, গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম কুমার সাহা , ডাঃ ইনজামামুল হক, পূজা উদযাপন কমিটির সদস্য সচিব ড. অশোক চন্দ্র বিশ্বাস, হালদার পাড়া পূজামণ্ডপের সভাপতি শ্রী অনন্ত কুমার হালদার, সিদ্ধেশ্বরী কালী মন্দিরের সেক্রেটারি তপন কুমার সাহা, মেহেরপুর পূজা উদযাপন পরিষদ আহ্বায়ক কমিটির সদস্য সাধন কুমার দাস প্রমুখ ।

এ সভায় সিসিটিভি ক্যামেরা স্থাপন, জেনারেটরের ব্যবস্থা, কন্ট্রোল রুম, আইপি ক্যামেরা, পূজা বিসর্জনে রাস্তা ঘাট পরিস্কার এবং সড়কে আলোকসজ্জা, আযান এবং নামাযের সময় মেনে পূজা উদযাপন, সড়কে নিরাপত্তাসহ বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়।

এ ছাড়াও পূজা মন্ডুপের নিরাপত্তায় পুলিশ, আনসার, বিজিবি, স্বেচ্ছাসেবকরা কাজ করবে ও মোবাইল টিম থাকবে।

এবার জেলায় ৩৮টি পূজামণ্ডপে পূজা অনুষ্ঠিত হবে। এর মধ্যে সদর ১৪, মুজিবনগর ৭, গাংনী ১৭ টি।

গাংনীতে নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের কমিটি গঠন

মেহেরপুরের গাংনী উপজেলায় নারী নির্যাতন প্রতিরোধগমের মতবিনিময়

সভা ও কমিটি পূন:গঠন করা হয়েছে।

আজ সোমবার (২৩শে সেপ্টেম্বর) সকাল ১১ টার সময় গাংনী পল্লী উন্নয়ন বোর্ডের সম্মেলন কক্ষে মতবিনিময় সভা ও কমিটি পূন:গঠন করা হয়।

গাংনী উপজেলার সাবেক ভাইস চেয়ারম্যান লায়লা আনজুমান বানুর সভাপতিত্বে স্বাগত বক্তব্য সহ প্রোগ্রামের লক্ষ্য উদ্দেশ্য নিয়ে আলোচনা করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার ফাইমা আক্তার।

এ সময় উক্ত সভায় আলোচনা করেন সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম, ব্যবসায়ী মোঃ সুলেরি আলভী, নাজমা খাতুন প্রমূখ।

সভায় উন্মুক্ত আলোচনার মধ্য দিয়ে ৩১ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির সভাপতি হিসেবে নির্বাচিত হন সাহারবাটি ইউনিয়নের সাবেক ইউপি চেয়ারম্যান মোঃ আসাদুজ্জামান বাবলু, সহসভাপতি নির্বাচিত হন লায়লা আনজুমান বানু ও সহসভাপতি সুলেরি আলভী, সাংগঠনিক সম্পাদক আমিরুল ইসলাম অল্ডাম।

অনুষ্ঠাটি পরিচালনা করেন মউকের প্রোগ্রাম অফিসার মো: গোলাম আম্বিয়া ও মোঃ আবুল কালাম।

মেহেরপুরে সাম্প্রদায়িক সম্প্রীতি সুরক্ষা সংক্রান্ত মতবিনিময় সভা

মেহেরপুরে সাম্প্রদায়িক সম্প্রীতি সুরক্ষা সংক্রান্ত মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর জেলা ইসলামী ফাউন্ডেশনের আয়োজনে ও জেলা প্রশাসনের বাস্তবায়নে মতবিনিময় সভা আজ সোমবার (২৩ সেপ্টেম্বর) সকাল সাড়ে ১১ টার দিকে জেলা প্রশাসনকে সম্মেলন কক্ষ অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভার সভাপতিত্ব করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

জেলা ইসলামী ফাউন্ডেশনের উপ-পরিচালক এ. জে.এম. সিরাজুম মূনিরের সঞ্চালনায় মতবিনিময় সভায় বক্তব্য রাখেন, অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক) এবং অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি) মু: তানভীর হাসান রুমান, অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব) এবং বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মোঃ রনি আলম নূর, জেলা ইমাম সমিতির সভাপতি ও হোটেল বাজার জামে মসজিদের ইমাম হাফেজ মাওলানা রোকনুজ্জামান, সরকারি উচ্চ বালক বিদ্যালয়ের ইমাম মাওলানা মোঃ শাহ জালাল, বাংলাদেশ পূজা উদযাপন কমিটি মেহেরপুর জেলা শাখার সদস্য সচিব ড.অশোক চন্দ্র বিশ্বাস, এডভোকেট বিমল বিশ্বাস, জেলা মডেল মসজিদের ইমাম সাদিকুর রহমান, গাংনী মডেল মসজিদের ইমাম জাহিদ হাসান, কোট মসজিদের ইমাম জুবায়ের হোসেন প্রমুখ।

মেহেরপুরে নিরাপদ অভিবাসন ও দক্ষতা উন্নয়ন শীর্ষক সেমিনার

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের (টিটিসি) আয়োজন মেহেরপুরে “নিরাপদ অভিবাসন ও দক্ষতা উন্নয়ন” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২৩ সেপ্টেম্বর) সকাল ১০ টার দিকে মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের (টিটিসি) সম্মেলন কক্ষে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের (টিটিসি) অধ্যক্ষ মোঃ আরিফ হোসেন তালুকদারের সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, স্থানীয় সরকারের উপ-পরিচালক মোঃ শামীম হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা তথ্য অফিসার মোঃ আব্দুল্লাহ-আল-মানুন ও জেলা প্রবাসী কল্যাণ ব্যাংকের ব্যবস্থাক মোঃ মোয়াজ্জেম হোসেন।

ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) মোঃ সোহেল রানার সঞ্চালনায় এসময় ইন্সট্রাক্টর (কম্পিউটার ট্রেড) মোঃ আল আমিন হোসেন, ইন্সট্রাক্টর (ইলেকট্রনিক্স) মাসুদ পারভেজ, ড্রাইভিং ইন্সট্রাক্টর (ব্যবহারিক) মোঃ ফারুক হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

সেমিনারে শিক্ষক, সাংবাদিক, জনপ্রতিনিধি, এনজিও প্রতিনিধি, মসজিদের ইমামসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ অংগ্রহণ করেন।

নিউইয়র্কের পথে ড. ইউনূস

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে যোগ দিতে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের উদ্দেশে রওনা দিয়েছেন।

আজ সোমবার (২৩ সেপ্টেম্বর) ভোর ৫টা ৫ মিনিটে কাতার এয়ারলাইন্সের একটি ফ্লাইটে সফরসঙ্গীদের নিয়ে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ছেড়ে যান তিনি।

প্রধান উপদেষ্টা হিসেবে দায়িত্ব নেওয়ার পর ড. ইউনূসের এটাই প্রথম বিদেশ সফর। জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৯তম অধিবেশনে তিনি ২৭ সেপ্টেম্বর বক্তৃতা করবেন।

এর আগে জাতিসংঘের বিভিন্ন ফোরামে দায়িত্ব পালন করা নোবেলজয়ী এই অর্থনীতিবিদ এবার নতুন রূপে হাজির হচ্ছেন। বাংলাদেশের সরকারপ্রধান হিসেবে সেখানে গণতন্ত্র ও শান্তির বার্তা নিয়ে যাচ্ছেন তিনি। দ্বিতীয় বিজয়ের নতুন যাত্রায় গণতান্ত্রিক মূল্যবোধ ও সুশাসন এবং অর্থনৈতিকভাবে সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলতে অন্তর্বর্তী সরকার নির্বাচন ব্যবস্থাসহ অন্যান্য ক্ষেত্রে যেসব সংস্কার কর্মসূচি হাতে নিয়েছে, ড. ইউনূসের বক্তব্যে সেসব তুলে ধরা হবে। বিশ্ববরেণ্য এই গুণী ব্যাক্তিকে বরণে অনেক দেশের সরকারপ্রধান ও উন্নয়ন সংস্থার শীর্ষ ব্যক্তিরাও অধীর আগ্রহে রয়েছেন।

ব্যাংকের প্রতিষ্ঠাতা হিসেবে ইন্দিরা গান্ধী শান্তি পুরস্কার পান তিনি। ২০০৪ সালে ফিলাডেলফিয়ার হোয়ার্টন স্কুল অব দ্য ইউনিভার্সিটি অব পেনসিলভানিয়া তাকে গত ২৫ বছরে ২৫ জন সবচেয়ে প্রভাবশালী ব্যবসায়িক ব্যক্তির মধ্যে একজন হিসেবে নির্বাচন করে। ২০০৬ সালে বিশ্বের সবচেয়ে সম্মানজনক নোবেল শান্তি পুরস্কার অর্জন করেন তিনি। একই বছর টাইম ম্যাগাজিন তাকে শীর্ষ ১২ জন ব্যবসায়িক নেতার মধ্যে স্থান দেয় এবং ‘এশিয়ার ৬০ বছরের নায়ক’দের মধ্যেও অন্তর্ভুক্ত করে। ২০০৮ সালে যুক্তরাজ্যের ‘প্রসপেক্ট ম্যাগাজিন’ এবং যুক্তরাষ্ট্রের ‘ফরেন পলিসি’ পরিচালিত একটি উন্মুক্ত অনলাইন জরিপে শীর্ষ ১০০ জন পাবলিক ইন্টেলেকচুয়ালের মধ্যে দ্বিতীয় স্থান দেওয়া হয় তাকে। ২০০৯ সালে ড. ইউনূস স্লোভাকিয়ার ইনফরমাল ইকোনমিক ফোরাম ইকোনমিক ক্লাবের দেওয়া সর্বোচ্চ পুরস্কার গোল্ডেন বিয়াটেক অ্যাওয়ার্ড পান। ২০২১ সালে ক্রীড়া উন্নয়নে তার বিস্তৃত কাজের জন্য অলিম্পিক লরেল পুরস্কার পান তিনি। ২০২১ সালে ড. ইউনূসকে ইউনাইটেড নেশনস ফাউন্ডেশনের চ্যাম্পিয়ন অব গ্লোবাল চেঞ্জ পুরস্কার দেওয়া হয়। মানব মর্যাদা, সমতা এবং ন্যায়বিচার বৃদ্ধির জন্য তার আলোকিত নেতৃত্ব এবং উদ্ভাবনের স্বীকৃতিস্বরূপ তাকে এই পুরস্কার দেওয়া হয়।

এ ছাড়া, যুক্তরাষ্ট্রের মানবহিতৈষণা পুরস্কার, শ্রীলঙ্কার মুহাম্মদ সাহেবুদ্দিন বিজ্ঞান (সামাজিক অর্থনীতি) পুরস্কার, যুক্তরাষ্ট্রের বিশ্ব খাদ্য ও শান্তি পুরস্কার, সুইজারল্যান্ডর ম্যাক্স সছমিধেইনি ফাউন্ডেশন ফ্রিডম পুরস্কার, যুক্তরাষ্ট্রের ভ্যানডারবিল্ট বিশ্ববিদ্যালয় বিশিষ্ট অ্যালামনাই পুরস্কার ও আন্তর্জাতিক অ্যাকটিভিটিস্ট পুরস্কার, জার্মানির প্লানেটরি কনশিয়াশনেস বিজনেস ইনোভেশন পুরস্কার, নরওয়ের হেল্প ফর সেলফ হেল্প পুরস্কার, ইতালির ম্যান ফর পিস অ্যাওয়ার্ড, যুক্তরাষ্ট্রের বিশ্ব ফোরাম পুরস্কারসহ যুক্তরাজ্য, স্পেন, অস্ট্রেলিয়া, জাপান, ফ্রান্স, জর্ডান, ভিয়েতনাম, সুইডেন, কলম্বিয়া, ব্রাজিল, অস্ট্রিয়া, পর্তুগাল, স্লোভাকিয়াসহ বিশ্বের বিভিন্ন দেশের অসংখ্য পুরস্কার জমা হয় ড. ইউনূসের থলেতে। তিনিই মাত্র সাতজন ব্যক্তির একজন, যিনি নোবেল শান্তি পুরস্কার, যুক্তরাষ্ট্রের প্রেসিডেনশিয়াল মেডেল অব ফ্রিডম এবং যুক্তরাষ্ট্রের কংগ্রেসনাল গোল্ড মেডেল পেয়েছেন। ড. ইউনূস ১৯৯৮ থেকে ২০২১ সাল পর্যন্ত জাতিসংঘের কার্যক্রমকে সমর্থনকারী জনহিতকর সংস্থা ইউনাইটেড নেশনস ফাউন্ডেশনের পরিচালনা পর্ষদেও দায়িত্ব পালন করেন। বিশ্বের এ প্রান্ত থেকে ও প্রান্তে চষে বেড়িয়েছেন তিনি।

মেহেরপুরে ডেঙ্গুর প্রকোপ, দেড়মাসে আক্রান্ত ৩৬১ রোগী

মেহেরপুর জেলায় আশংকাজনক হারে বাড়ছে ডেঙ্গু রোগী। পৌরসভা থেকে মশক নিধন স্প্রে না করা, জেলা প্রশাসন ও স্বাস্থ্য বিভাগ থেকে আগাম প্রস্তুতি না নেওয়া ও জনসচেতনতামুলক প্রচারণা না থাকায় মেহেরপুরে আশংকাজনক হারে ছড়িয়ে পড়েছে ডেঙ্গু।

প্রতিদিনই মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, গাংনী ও মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ছাড়াও ক্লিনিকগুলোতে ভর্তি হচ্ছেন নতুন নতুন ডেঙ্গু আক্রান্ত রোগী।

গত ২৪ ঘন্টায় গত শনিবার (২১ সেপ্টেম্বর) থেকে গতকাল রবিবার (২২ সেপ্টেস্বর) সকাল পর্যন্ত মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ৯ জন, গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৫ ও মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ১ জন রোগী ভর্তি হয়েছেন।

বর্তমানে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন ১৬ জন, মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ২৫ ও মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৫ জন ডেঙ্গু রোগী।

জেলা স্বাস্থ্য বিভাগের তথ্যমতে, জেলায় ডেঙ্গু আক্রান্তের সংখ্যা দিন দিন বাড়ছে। গত আগস্ট মাসে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ৮০, গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৬৬ ও মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৫ জনসহ মোট ১৫১ জন ডেঙ্গু রোগী সনাক্ত করা হয়েছে।

চলতি সেপ্টেম্বর মাসের গতকাল ২২ তারিখ পর্যন্ত মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ১২৪ জন, গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৭৭ জন ও মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ১০ জনসহ ২১১ জন ডেঙ্গু রোগী ভর্তি হয়েছেন।

জানা গেছে, আবহাওয়াজনিত কারণে সর্দি-কাশি ও জ্বর দেখা দিয়েছে। পরীক্ষা-নিরীক্ষা ছাড়াই গ্রাম্য হাতুড়ে ডাক্তারদের কাছে চিকিৎসা নিচ্ছেন অনেকে। পরে অবস্থা গুরুতর হলে হাসপাতালে আসছেন। এখানে রক্ত পরীক্ষা করলেই মিলছে ডেঙ্গুর জীবাণু। আগস্ট ও সেপ্টেম্বরের ২২ তারিখ পর্যন্ত জেলায় ডেঙ্গু আক্রান্তের সংখ্যা ৩৬১ জন। এ মাসে আরও আক্রান্তের সংখ্যা বাড়তে পারে বলে আশঙ্কা করছেন চিকিৎসকরা।

হাসপাতালগুলোতে সরেজমিনে গিয়ে সাধারণ রোগীদের সাথে কথা বলে জানা গেছ, সাধারণ রোগীদের সাথে রাখা হয়েছে ডেঙ্গু রোগীদের। এতে সাধারণ রোগীরা রয়েছে চরম ঝুঁকির মধ্যে।

স্বাস্থ্য বিভাগ বলছে, স্থান সাংকুলাণ না হওয়ায় রোগীদের এক সাথে রাখা হয়েছে। তবে, ডেঙ্গু রোগ নির্ণয় ও চিকিৎসার প্রয়োজনীয় ব্যবস্থা রয়েছে হাসপাতালে।

সূত্র মতে জানা গেছে, মেহেরপুর পৌরসভা ও গাংনী পৌরসভার পক্ষ থেকে ফগার মেশিন দিয়ে স্প্রে করার কথা থাকলেও বিগত কয়েক বছর কয়েক কোটি টাকা বরাদ্দ থাকলেও মশক নিধনে পৌরসভা দুটি সেটা করা হয়নি। ফগার মেশিন দিয়ে মশক নিধন ও স্প্রে করার পাশাপাশি ওয়ার্ড পর্যায়ে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করার কথা থাকলেও তা করা হয়নি। এতে এই দুই পৌরসভার মেয়র এই খাত থেকে প্রায় কোটি টাকা আত্মসাৎ করেছে বলে অভিযোগ উঠেছে।

এছাড়া ডেঙ্গু সংক্রমণ ঠেকাতে বা সতর্কতামূলক প্রচারণার পদক্ষেপ নিতে জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন, জেলা স্বাস্থ্য বিভাগ ও ইউনিয়ন পরিষদ গুলোও কোনো প্রচারণা ও প্রয়োজনীয় ব্যবস্থা নিতে দেখা যায়নি। মশক নিধনে প্রয়োজনীয় ব্যবস্থা না নেওয়ায় শহর কিংবা গ্রাম; সবখানেই ঝোপ জঙ্গলে পরিণত হয়েছে। এসব স্থান মশার প্রজননকেন্দ্র হিসেবে ধরা যায়। পৌর কর্তৃপক্ষ আজও কোনও প্রচারণা চালাচ্ছেন না। এদিকে মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়ক নির্মাণ কাজের ধীর গতির কারণেও গাংনী পৌরসভা এলাকায় বেড়েছে এডিশ মশা।

গাংনী উপজেলা শহরে রাস্তার দু পাশে খুড়ে ফেল রাখার কারনে স্বচ্ছ পানিতে এডিস মশা ডিম পাড়ছে। এখান থেকে উৎপাদিত এডিশ মশা এখন সবখানেই ছড়িয়ে পড়ছে।

ডেঙ্গু আক্রান্ত গাংনী পৌর এলাকার বাজার পাড়ার আজিজুল হক রানি, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর গাংনীর এরিয়া অফিসের সমন্বয়ক

হেলাল উদ্দিন, সাংবাদিক মাহবুব আলম, গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত নার্স শাকিলা বলেন, ডেঙ্গু আক্রান্ত ব্যক্তির শরীরে হঠাৎ ১০৩-১০৪ জ্বর দেখা দেয়। জ্বর কমে গেলেও ডেঙ্গুর ভয়াবহতা রয়ে যায়। শুরু হয় পেটব্যথা, মাথাব্যথা, বমি, মাথা ঘোরা, পাতলা পায়খানা ও শরীর ঠান্ডা হয়ে যাওয়া।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) চিকিৎসক আব্দুল আল মারুফ বলেন, অনেকে জ্বর নিয়ে চিকিৎসা নিতে আসছেন। তাদের পরামর্শ দেওয়া হচ্ছে রক্ত পরীক্ষা করার। সেইসঙ্গে স্বাস্থ্য সচেতনতার কথাও বলা হচ্ছে। মশারি ব্যবহার করারও পরামর্শ দেওয়া হয়।

রোগীদের পরামর্শ দিয়ে তিনি বলেন, ক্লাসিক্যাল ডেঙ্গু হোক আর হেমোরেজিক হোক, এই সময় জ্বর হলেই পরীক্ষা করিয়ে ওষুধ নেওয়া উচিত। ক্লাসিক্যাল ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে আবারও ডেঙ্গু আক্রান্ত হলে রোগীর অবস্থা বেশি ঝুঁকিতে পড়তে পারে। তাই জ্বর হলেই সতর্ক থাকতে হবে।

মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক চিকিৎসক জমির মোহাম্মদ হাসিবুর সাত্তার বলেন, ‘এ পর্যন্ত গত এক মাস বাইশ দিনে জেলায় ৩৬১ জন ডেঙ্গু আক্রান্ত হয়েছেন। চিকিৎসার জন্য প্রয়োজনীয় কীট, আলাদা ওয়ার্ডসহ সব ধরনের প্রস্তুতি রয়েছে। তবে সবখানে প্রচারণা চালানো প্রয়োজন; যাতে সবাই ডেঙ্গু নিয়ে সতর্ক হন। সেক্ষেত্রে বাড়ির আশপাশ পরিষ্কার রাখা ও নর্দমায় নোংরা পানি বা জলাবদ্ধতা না থাকে, তার ব্যবস্থা নেওয়া জরুরি।’

গাংনী মহিলা ডিগ্রি কলেজের অ্যাডহক কমিটি নিয়ে হট্টগোল, অধ্যক্ষের কক্ষে তালা

গাংনী মহিলা ডিগ্রি কলেজের বহুল আলোচিত-সমালোচিত অধ্যক্ষ খোরশেদ আলীর অফিসকক্ষে তালা ঝুলিয়ে দিয়েছেন বিএনপি নেতাকর্মীরা।

অনিময়মতান্ত্রিক উপায়ে গাংনী মহিলা ডিগ্রি কলেজের গভর্নিং বডির এডহক কমিটিতে বিএনপি নেতা জাফর আকবরকে সভাপতি মনোনীত করার জেরে অধ্যক্ষের কক্ষে তালা দেওয়া হয়। তবে, এর আগেই কলেজ থেকে পালিয়ে যান অধ্যক্ষ খোরশেদ আলী।

সম্প্রতি গভর্নিং বডির এডহক কমিটি গঠনের লক্ষ্যে বিএনপি নেতা জাফর আকবরকে সভাপতি ও বালিয়াঘাট প্রাথমিক বিদ্যালয়ের সদ্য অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক সাহাব উদ্দীনকে বিদ্যেুাৎসাহি সদস্য নিয়োগ দেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর।

এখবর এলাকায় প্রচার হলে আজ রোববার দুপুরে বিএনপি নেতা শাহাজাহান সেলিম, গাংনী উপজেলা জাসাসের সাধারণ সম্পাদক সুলেরী আলভী, পৌর স্বেচ্ছাসেবক দলের নেতা জামাল উদ্দীন ও পৌর যুবদলের যুগ্ম আহবায়ক মনিরুজ্জামান মনিসহ বিএনপি নেতাকমীর্রা দুপুরের দিকে মহিলা কলেজে গিয়ে প্রতিবাদ জানান।

এ নিয়ে শিক্ষক মিলনায়তনে বিএনপি নেতারা শিক্ষকদের সাথে বসেন। এসময় তারা এই আহবায়ক কমিটি বাতিলের দাবী জানান।

তারা বলেন, অধ্যক্ষ খোরশেদ আলী অনিয়মতান্ত্রিক পন্থায় গোপনে কমিটি গঠন করার জন্য শিক্ষা বোর্ডে নাম প্রস্তাব পাঠিয়েছেন। এসময় বিক্ষুব্ধ নেতা কর্মীরা অধ্যক্ষের কক্ষে তালা ঝুলিয়ে দেন। অধ্যক্ষ খোরশেদ আলীকে কলেজে প্রবেশের ক্ষেত্রেও হুশিয়ারী দেন নেতাকমীর্রা।

নেতাকর্মীরা জানান, জেলা বিএনপি সাধারণ সম্পাদক ও সাবেক এমপি আমজাদ হোসেন, জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন ও গাংনী উপজেলা বিএনপি সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু’ র সমন্বয়ে গাংনী মহিলা ডিগ্রি কলেজের সভাপতি মনোনীত করা হবে। তাদের মনোনীত ব্যক্তিই সভাপতি হবেন।

প্রতিবাদকারীরা জানান, জেলা বিএনপি সাধারণ সম্পাদক আমজাদ হোসেন, সিনিয়র সহসভাপতি জাভেদ মাসুদ মিল্টন ও উপজেলা বিএনপি সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু এই তিন জন মিলে যাকে সভাপতি মনোনীত করবেন তাকে সভাপতি করতে হবে।

তবে,কলেজের অধ্যক্ষ খোরশেদ আলী জানান, কমিটির বিষয়ে আমার কোন হস্তক্ষেপ নেই। বিএনপি পন্থী শিক্ষকরা জাফর আকবর, সাহাব উদ্দীন ও গোলাম কিবরিয়ার নাম প্রস্তাব করেন। সেভাবেই জাতীয়

বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম পূরণ করে নাম পাঠানো হয়েছে।

বিষয়টি নিয়ে আজ সন্ধ্যায় গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার অফিস কক্ষে জরুরি বৈঠকে মিলিত হন। সেখানে উপজেলা নির্বাহী কর্মকর্তা, কলেজের শিক্ষকবৃন্দ ও বিএনপ নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে প্রধানশিক্ষকের অনিয়মের বিরুদ্ধে শিক্ষার্থীদের মানববন্ধন

মেহেরপুরে কবি নজরুল শিক্ষা মঞ্জিল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সানজিদা ইসলামের অনিয়ম ও দুনিতীর বিচার চেয়ে ছয় দফা দাবীতে মানববন্ধন করেছে শিক্ষার্থীরা।

আজ রবিবার দুপুর ১ টার দিকে বিদ্যালয়ের প্রধান গেটের সামনে মানববন্ধন করে শিক্ষার্থীরা।

বিদ্যালয়ের শিক্ষার্থীদের অভিযোগ তাদের বিদ্যালয়ে আইসিটি রুম তাদের ব্যবহার করতে না দিয়ে অন্য প্রতিষ্ঠানের কাছে ভাড়া দেওয়া হয়েছে। দরিদ্র মেধাবী ছাত্র ছাত্রীদের অর্ধ ও বিনা বেতনে পড়ার সুযোগ বন্ধ করে দিয়েছে প্রধান শিক্ষক, বিদ্যালয়ের খেলার মাঠ দীর্ঘদিন যাবৎ জলবদ্ধ হয়ে থাকায় তারা খেলা ধুলার সুযোগ পাচ্ছে না, অপরিচ্ছন্ন ক্লাসরুম ও ক্লাস রুমে পর্যপ্ত ফ্যানের অভাবে গরমে কষ্ট পাচ্ছে তারা। বিদ্যালয়ে নতুন একাডেমিক ভবনের শ্রেণি কক্ষ খালি পড়ে থাকা সত্বেও পুরাতন ভবনে ক্লাস নেয়া হয়। যেখানে পর্যাপ্ত ফ্যানের ব্যবস্থা না থাকায় গরমে কষ্ট করতে হয়। বিদ্যালয়ের ভবনের পাশে জঙ্গলের কারনে এডিশ মশার উৎপাত বৃদ্ধি পেয়েছে। মশার কামড়ে কয়েকজন শিক্ষার্থী ডেঙ্গুতে আক্রান্ত হয়েছে। বিদ্যালয়ের ১শ ১৭ বিঘা জমি লীজের টাকার কোন হিসাব নেই।

তবে প্রধান শিক্ষক সানজিদা ইসলাম এসকল অভিযোগ অস্বীকার করেছেন।